

তথ্য কমিশনে ১২-০২-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১০টি অভিযোগের শুনানীশেষে ০৮টি অভিযোগের নিষ্পত্তি করা হয় এবং ০২টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে সাভার উপজেলা নির্বাহী অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপ-পরিচালক, সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), সাভার উপজেলা মৎস্য কর্মকর্তা, সাভার ডেইরী ফার্মের প্রাণী পুষ্টি উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের প্রকল্প পরিচালক, লক্ষীপুরের চন্দ্রগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), কুমিল্লার মনোহরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এবং কুমিল্লার মনোহরগঞ্জের বিপুলাসার ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে সিরাজগঞ্জের রায়গঞ্জ উপজেলা শিক্ষা অফিসার এবং বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের জেনারেল ম্যানেজারের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাক্ষরিতঃ-

১২-০২-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd